একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৭৫০০.০৪২.১৪.০৮৬.১৭.৭৬৩

তারিখ : ১৫ বৈশাখ ১৪৩৩ / ২৮ এপ্রিল ২০২৬

**বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে নোয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৩৬টি প্রকল্প অনুমোদন।**

সূত্র : স্মারক নং- ৪৬.৪২.৭৫০০.০০০.২০২.১২.০০৩৭.২৫.৫৯, তারিখ : ২৪ মার্চ ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে নোয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় সূত্রোক্ত পত্রের প্রকল্প তালিকার ক্রমিক ২৩, ২৯ ও ৩৬-এ উল্লিখিত প্রকল্প তিনটি (প্রাক্কলিত ব্যয়: ১১.০৫ লক্ষ টাকা) ব্যতিরেকে অবশিষ্ট (৩৯-৩)=৩৬টি প্রকল্প (১৭০.০০-১১.০৫)= ১৫৮.৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ও রাজস্ব ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য ‘প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...’ শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।


২৮/০৪/২০২৬
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email : lgzp@lgd.gov.bd


বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, নোয়াখালী; এবং
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী।

স্মারক নম্বর : ৪৬.০০.৭৫০০.০৪২.১৪.০৮৬.১৭.৭৬৩/১(৬)

তারিখ : ১৫ বৈশাখ ১৪৩৩ / ২৮ এপ্রিল ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।


২৮/০৪/২০২৬
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব